

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
“উপজেলা পর্যায়ে মহিলাদের জন্য আয়বর্ধক (আইজিএ) প্রশিক্ষণ প্রকল্প”  
মহিলা বিষয়ক অধিদপ্তর  
৩৭/৩, ইন্সটান গার্ডেন রোড, ঢাকা।

“শেখ হাসিনার বারতা  
নারী-পুরুষ সমতা”

স্মারক নং-৩২.০১.০০০০.০৪৭.১১.৭৯৮.১৭-০০৬

তারিখ: ০৮/০৭/২০১৯ খ্রিঃ।

**বিষয়: কৈফিয়ত তলব প্রসঙ্গে।**


সূত্র নং-১) মবিঅ/কালি/সাত/১০৫/২০১৯ খ্রিঃ; তারিখঃ ২৭/০৬/২০১৯ খ্রিঃ

সূত্র নং-২) মবিঅ/কালি/সাত/১০৮/২০১৯ খ্রিঃ; তারিখঃ ০২/০৭/২০১৯ খ্রিঃ

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, আপনি জনাব নাছরিন আক্তার মহিলা বিষয়ক অধিদপ্তর কর্তৃক বাস্তবায়নাধীন “উপজেলা পর্যায়ে মহিলাদের জন্য আয়বর্ধক (আইজিএ) প্রশিক্ষণ” প্রকল্পের সাতক্ষীরা জেলার কালিগঞ্জ উপজেলার বিউটিফিকেশন ট্রেডের ট্রেনার (প্রশিক্ষক)। আপনি কর্তৃপক্ষের বিনানুমতিতে বিভিন্ন সময়ে কর্মস্থলে অনুপস্থিত থাকেন এবং নিজের খেয়াল খুশি মত প্রশিক্ষণ কেন্দ্রে আসেন ও চলে যান। এ বিষয়ে উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা আপনাকে মৌখিকভাবে সতর্ক করা সত্ত্বেও আপনি বিষয়টি আমলে না নিয়ে দীর্ঘদিন যাবত প্রশিক্ষণ কার্যক্রমকে ব্যাহত করার অপপ্রয়াস চালিয়ে যাচ্ছেন। গত ২০/০৬/২০১৯ তারিখ দুপুর ১২.০০ টার পর হতে অদ্যাবধি কর্তৃপক্ষের বিনানুমতিতে কর্মস্থলে অনুপস্থিত আছেন এবং গত ২৭/০৬/২০১৯ তারিখে কালিগঞ্জ উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তার কার্যালয়ের স্মারক নং- মবিঅ/কালি/সাত/১০৫/২০১৯ এর মাধ্যমে আপনাকে বিনানুমতিতে কর্মস্থলে অনুপস্থিত থাকার কারণে কৈফিয়ত তলব করা হয়। কিন্তু কৈফিয়ত তলবের কোন জবাব প্রদান করেননি।

পরবর্তীতে ০২/০৭/২০১৯ তারিখে কালিগঞ্জ উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তার কার্যালয়ের স্মারক নং- মবিঅ/কালি/সাত/১০৮/২০১৯ এর মাধ্যমে কৈফিয়ত তলব (দ্বিতীয় পর্যায়) করা হয় কিন্তু অদ্যাবধি আপনি কোন কৈফিয়ত তলবের কোন জবাব প্রদান করেননি। যার ফলে প্রশিক্ষণ কার্যক্রম ব্যাহত হচ্ছে।

এমতাবস্থায় যেহেতু আপনি জনাব নাছরিন আক্তার কর্তৃপক্ষের বিনানুমতিতে কর্মস্থলে অনুপস্থিত আছেন ; সেহেতু সরকারি কর্মচারী (বিশেষ বিধান) অধ্যাদেশ, ১৯৭৯ (১৯৭৯ সনের ১১ নং অধ্যাদেশ) ৩ এর (বি) “ অন্যদের সহিত সংযুক্তভাবেই হোক বা নাই হোক, ছুটি ব্যতীত বা কোনো যুক্তিসংগত কারণ ব্যতীত নিজে কর্ম হইতে অনুপস্থিত থাকেন বা অন্যভাবে বিরত থাকেন বা নিজ কর্তব্য সম্পাদনে ব্যর্থ হন ” মোতাবেক কেন আপনাকে চাকুরি হতে অব্যাহতি প্রদান করা হবে না তার সন্তোষজনক জবাব আগামী ০৫ (পাঁচ) কর্মদিবসের মধ্যে দেওয়ার জন্য বলা হল। অন্যথায় আপনার বিরুদ্ধে বিধি মোতাবেক আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।

  
(শফিকুর রহমান)

যুগ্মসচিব

ও

প্রকল্প পরিচালক

জনাব নাছরিন আক্তার  
পিতাঃ মৃত আঃ আজিজ  
মাতাঃ ফজিলা খাতুন  
গ্রামঃ ভাড়াশিমলা  
ডাকঘরঃ ভাড়াশিমলা  
উপজেলাঃ কালিগঞ্জ  
জেলাঃ সাতক্ষীরা।

**অনুলিপি: (সদয় জ্ঞাতার্থে/কার্যার্থে)**

- ১। উপজেলা নির্বাহী কর্মকর্তা, কালিগঞ্জ, সাতক্ষীরা।
- ২। উপ-পরিচালক/ জেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, সাতক্ষীরা।
- ৩। উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, কালিগঞ্জ, সাতক্ষীরা।
- ৪। মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ৫। প্রোগ্রাম অফিসার, ওয়েবসাইড, মহিলা বিষয়ক অধিদপ্তর, ঢাকা (ওয়েবসাইডে প্রকাশের জন্য)।
- ৬। অফিস কপি।